দৈনিক জনকণ্ঠ

তারিখ 23 DEC 2016
পৃষ্ঠা ৩১ কলাম ৮

# ৩১৩ শিক্ষার্থীর এক শিক্ষক

**স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ॥** ৩১৩ শিক্ষার্থীর প্রাথমিক বিদ্যালয়ে ১ জন মাত্র শিক্ষক পাঠদান করছেন। এতে শিক্ষক শিক্ষার্থী উভয়ই বিপাকে। সিলেটের গোয়াইনঘাট উপজেলার রুস্তমপুর ইউনিয়নের ৩নং ওয়ার্ডে অবস্থিত দমদমা সরকারী প্রাথমিক বিদ্যালয়। পিছিয়ে থাকা সীমান্তবর্তী এলাকায় শিক্ষার আলো ছড়াতে এলাকাবাসীর উদ্যোগে ১৯৭৩ সালে বিদ্যালয়টি স্থাপিত হয়। অনুন্নত যোগাযোগ ব্যবস্থার কারণে জনপ্রতিনিধি ও প্রশাসনের দৃষ্টির বাইরে থেকে যায় বিদ্যালয়টি। প্রাকৃতিক মনোরম পরিবেশে অবস্থিত এই বিদ্যালয়ে পর্যাপ্ত সুবিধাসহ একাডেমী ভবন রয়েছে। সাথে রয়েছে বিশাল খেলার মাঠ। বর্তমানে বিদ্যালয়ে ৫ম শ্রেণিতে ৩৪জন, ৪র্থ শ্রেণিতে ৫৮, ৩য় শ্রেণিতে ৫৭জন, ২য় শ্রেণিতে ৫৬ জন, ১ম শ্রেণিতে ৮২ এবং প্রাক-প্রাথমিকে রয়েছেন ২৬ শিক্ষার্থী। মোট ৩১৩ জন শিক্ষার্থীর জন্য ১ জন শিক্ষক অবাক হওয়ার মতো ঘটনা। প্রধান শিক্ষক জানান, বিদ্যালয়টি সীমান্ত এলাকায় অবস্থিত। যোগযোগ ব্যবস্থা ভাল না থাকায় স্কুলে পোস্টিংপ্রাপ্ত শিক্ষকরা বিভিন্ন পন্থা অবলম্বন করে অন্যত্র চলে যান। এতে শিক্ষা ব্যবস্থা ব্যহত হচ্ছে। তিনি জানান, এই বিদ্যালয়ের একাডেমিক ভবনের কোন সমস্যা নেই। বিদ্যালয়ে ৫ জন শিক্ষকের পদ থাকলেও রয়েছেন ১ জন সহকারী শিক্ষক।

তিনি আবার ১লা জানুয়ারি থেকে ডিপ্লোমা ইন এডুকেশন (ডিপিএড) প্রশিক্ষণের জন্য চলে যাবেন। ১ জন শিক্ষক দিয়ে বিদ্যালয়টি কিভাবে চালানো সম্ভব ?